দৈনিক
ইত্তেফাক
তারিখ : 19 JUN 2016
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ২ ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়

## গাজীপুর-১৭০৪

সূত্র : ৩৬(০২৩)জাতী: বি:/একা:/পি জি-ডি/এল আই এস/২০১৬/৩১৯৩ তারিখ : ১৫/০৬/২০১৬

**অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে**

# ভর্তি বিজ্ঞপ্তি

**জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ বছর মেয়াদী অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে প্রথম ব্যাচে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।**

**১. ভর্তির যোগ্যতা :**

জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় বা অধিভুক্ত কলেজ হতে যে কোন বিষয়ে স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) বা সমমান ডিগ্রিধারী শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্ত অনুযায়ী যোগ্য বিবেচিত হলে ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ভর্তি হতে পারবে। শিক্ষা জীবনে এস এস সি থেকে স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) ডিগ্রি পর্যন্ত ন্যূনতম মোট ০৫ (পাঁচ) পয়েন্ট (প্রথম বিভাগ ৩ পয়েন্ট, দ্বিতীয় বিভাগ ২ পয়েন্ট এবং তৃতীয় বিভাগ ১ পয়েন্ট হিসেবে গণ্য হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে ০৭ (সাত) পয়েন্ট থাকতে হবে।

**২. আবেদন ফরম পূরণ ও জমাদান**

ক. আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd এ প্রবেশ করে Academics মেনু থেকে Admission নির্বাচন করে "অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী সায়েন্স" লিংকে ক্লিক করে অথবা **www.nubd.info/on_campus** সাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। আগামী ২০/০৬/২০১৬ তারিখ থেকে ৩০/০৭/২০১৬ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

খ. আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন আবেদনপত্রে আপলোড করতে হবে। ছবির মাপ 120 X 150 Pixels, Image Type: JPG, File Size: 50 KB (max.)। আবেদনফরম সফলভাবে পূরণ হলে আবেদনকারী একটি PIN নম্বর সম্বলিত ফরম পাবেন, যা ভবিষ্যতে ব্যবহারের জন্য প্রিন্ট করে নিজের কাছে রাখতে হবে।

গ. **আগামী ০১/০৮/২০১৬ তারিখ** থেকে এই PIN ব্যবহার করে সোনালী সেবার পে-স্লিপ সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে ডাউনলোড করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে। উল্লেখ্য, আবেদন ফি এর হার শিক্ষার্থী প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা এবং সোনালী সেবায় টাকা জমা দেবার শেষ সময় ০২/০৮/২০১৬ তারিখ বিকাল ৪:০০ টা।

ঘ. আগামী ০৩/০৮/২০১৬ তারিখ থেকে সংশ্লিষ্ট ওয়েবসাইটে Student Login করে আবেদনপত্র Print করতে হবে। উল্লেখ্য, সোনালী সেবায় টাকা জমা নিশ্চিত হলে আবেদন ফরম প্রিন্ট করা যাবে।

ঙ. সাক্ষাৎকার/লিখিত পরীক্ষার দিন আবেদনকারীকে সকল সনদের মূলকপি ও প্রিন্টকৃত অনলাইন আবেদন ফরম সোনালী সেবার জমা স্লিপসহ স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন দপ্তরে উপস্থিত হতে হবে। সাক্ষাৎকারের দিন আবেদনপত্র ও সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

চ. ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

**৩. আবেদনের সময়সীমা ও ভর্তি কার্যক্রম**

| | | |
|---|---|---|
| ক. | অনলাইনে আবেদন ফরম পূরণ ও জমা দান | : ২০/০৬/২০১৬ থেকে ৩০/০৭/২০১৬ পর্যন্ত |
| খ. | ভর্তি পরীক্ষা | : ০৭/০৮/২০১৬ সকাল ১১টা |
| গ. | ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ (জাতীয় বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে) | : ১০/০৮/২০১৬ |
| ঘ. | ভর্তির তারিখ | : ১৫/০৮/২০১৬ থেকে ২৫/০৮/২০১৬ পর্যন্ত |
| ঙ. | ক্লাশ শুরুর তারিখ | : ০১/০৯/২০১৬ (জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে) |

৪. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৫. ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি.দ্র: ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd – এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট বিভাগের প্রফেসর ড. মোঃ নাসির উদ্দীনের সাথে মোবাইল নম্বর ০১৭১৩০৯২৭৯২ এ এবং ওয়েবসাইটের কারিগরি সহায়তার জন্য ০১৭৪৯০৮০৮২৯ বা ০১৭৪৯০৮০৫২৬ নম্বরে যোগাযোগ করা যাবে।

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৭৪

স-১৭৮০ (১২×৩)